তারিখ ... ১৪।৬।৮৩ ...
পৃষ্ঠা ... ৫ ...

দৈনিক বাংলা

# এরশাদের সঙ্গে শিক্ষক প্রতিনিধিদলের গুরুত্বপূর্ণ আলোচনা

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক প্রতিনিধিদল শুক্রবার প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন।

বাসস জানায় যে তাঁরা সমিতির সভাপতি প্রধান সামরিক আইন প্রশাসকের সঙ্গে উচ্চতর শিক্ষা শিক্ষক কল্যাণ, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয়াদি নিয়ে আলোচনা করেন।

বৈঠকে কয়েকটি গঠনমূলক প্রস্তাব আলোচনা করা হয়। উচ্চতর শিক্ষাকে থানা পর্যায়ে সহজলভ্য করতে এবং বিকেন্দ্রীকরণের সম্ভাবনা পরীক্ষা জেলা পর্যায়ে আরো বিশ্ববিদ্যালয়সংশ্লিষ্ট কলেজ স্থাপন সরকারী কলেজের মত বেসরকারী কলেজগুলোর শিক্ষকদের জন্য ক্রমযুক্ত বেতন প্রভৃতি এসব প্রস্তাবের অন্তর্ভুক্ত। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন এসব প্রস্তাব পেশ করে।

প্রতিনিধিদলের সদস্যরা সমাজে শিক্ষকদের যথাযথ মর্যাদা দিতে জেনারেল এরশাদের প্রচেষ্টার উচ্চ প্রশংসা করেন এবং তাঁকে শুধু এব্যাপারে নয়, শিক্ষা উন্নয়ন সংক্রান্ত অন্যান্য ব্যাপারেও আন্তরিক সহযোগিতাদানের আশ্বাস দেন।